JAN. 30 2001

তারিখ ...............
পৃষ্ঠা ......... কলাম .........

দৈনিক ইত্তেফাক

# বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে চলতি বছরেই পরীক্ষা ॥ পরীক্ষার্থী ৫৬৮০০

**বরিশাল অফিস ॥** বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে এই বছর এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। আগামী ১৫ই মার্চ পরীক্ষা শুরু হইবে। পরীক্ষার্থীর সংখ্যা ৫৬৮০০। এই বিভাগের ৬টি জেলায় কেন্দ্রের সংখ্যা ৬০টি। পরীক্ষার সকল আয়োজন এখন চূড়ান্ত প্রায়। উত্তরপত্র ইতিমধ্যে ছাপা হইয়াছে। আগামী মাসের মাঝামাঝি সময়ে উহা বিতরণ শুরু হইবে। ৯ই ফেব্রুয়ারী হইতে ঢাকায় শুরু (২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## বরিশাল শিক্ষাবোর্ড

(১ম পৃঃ পর দ্রঃ)

হইবে প্রশ্নপত্র বাছাই ও প্যাকেট করার কাজ। ১৯৯৯ সনে এখানে হাতেগোনা কয়েকজন অফিসার ও কর্মচারী লইয়া বোর্ড চালু হয়। পরবর্তী বছরের মাঝামাঝি সময় বোর্ডের কাজ পুর্ণোদ্যমে শুরু হয়। এই প্রথম বোর্ডের অধীনে পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে। আসন্ন এইচএসসি পরীক্ষাও এই বোর্ডের অধীনে অনুষ্ঠিত হইবে। এখানে শিক্ষা বোর্ড স্থাপনের দাবী ছিল দীর্ঘদিনের। বর্তমান সরকার এই দাবী পূরণ করেন।